# তারেক রহমান হাদির কবর জিয়ারতে যাচ্ছেন, শাহবাগ ছাড়ল ইনকিলাব মঞ্চ



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের শহীদ ওসমান হাদির কবর জিয়ারত কর্মসূচিকে কেন্দ্র করে শাহবাগ মোড় থেকে সাময়িকভাবে সরে গেছে ইনকিলাব মঞ্চ। আজিজ সুপারমার্কেট এলাকায় অবস্থান নেওয়ার পর দুপুরে আবারও শাহবাগে কর্মসূচিতে ফেরার ঘোষণা দিয়েছে সংগঠনটি।

শনিবার (২৭ ডিসেম্বর) রাজধানীর শাহবাগ মোড় থেকে অবস্থান কর্মসূচি সাময়িকভাবে প্রত্যাহার করেছে ইনকিলাব মঞ্চ। সংগঠনটি জানায়, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বেলা ১১টার দিকে হাদির কবর জিয়ারতে উপস্থিত হবেন—এই কর্মসূচির অংশ হিসেবেই তারা শাহবাগ থেকে সরে গিয়ে আজিজ সুপারমার্কেটের সামনে অবস্থান নিয়েছে।

ইনকিলাব মঞ্চের ফেসবুক পেজে দেওয়া এক ঘোষণায় বলা হয়, দুপুর ১২টায় আবারও শাহবাগ মোড়ে অবস্থিত শহীদ হাদি চত্বরে অবস্থান কর্মসূচি শুরু হবে। এ সময় হাদি হত্যার বিচার নিশ্চিতের দাবিতে দেশব্যাপী সর্বস্তরের মানুষকে কর্মসূচিতে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

এদিকে সকাল থেকেই শাহবাগ এলাকায় জড়ো হতে শুরু করে ছাত্রদলের নেতাকর্মীরা। তারা স্লোগান ও সমাবেশের মাধ্যমে তারেক রহমানের আগমন উপলক্ষে উপস্থিতি জানান দেয়।

উল্লেখ্য, গতকাল শুক্রবার দুপুর থেকে শুরু করে শনিবার সকাল পর্যন্ত ইনকিলাব মঞ্চের নেতাকর্মীরা শহীদ হাদি চত্বরে রাতভর অবস্থান কর্মসূচি পালন করেন। তারা প্ল্যাকার্ড ও ব্যানার হাতে হাদি হত্যার বিচার দাবিতে সোচ্চার ছিলেন। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে এবং কবর জিয়ারত শেষে পুনরায় শাহবাগে অবস্থান কর্মসূচি জোরদার করা হবে।